

# স্কুলস্তর থেকেই বিদেশি ভাষা শেখা উচিত

এই সময়: যে কোনও বিদেশি ভাষা শিখতে হলে, স্কুল স্তর থেকেই শুরু হওয়া ভালো। বৃহস্পতিবার, দ্য নিউটাউন স্কুলে, ফ্রেঞ্চ ল্যাঙ্গুয়েজ টিউটর্স ইন ইন্ডিয়া ইনস্টিটিউট প্রোগ্রাম উপলক্ষে আয়োজিত এক সাংবাদিক বৈঠকে এ কথা বলেন কলকাতার নতুন ফরাসি কনসাল জেনারেল ভের্জিনি কর্তেভাল। তাঁর মতে, কলকাতায় ফরাসি শিক্ষার বিরূপ সুযোগ রয়েছে।

এতদিন ফরাসি দূতাবাসের অধীন এই প্রকল্পটি ভারতের বিভিন্ন কলেজ, বিশ্ববিদ্যালয় ও প্রযুক্তি বিদ্যালয়ের মধ্যেই সীমাবদ্ধ ছিল। দ্য নিউটাউন স্কুলের মাধ্যমে এটি স্কুল স্তরেও সম্প্রসারিত হল। এই প্রসঙ্গে স্কুলের প্রিন্সিপাল শতাব্দী গোস্বামী ভট্টাচার্য জানালেন, ফ্রান্স থেকে মেলিসা কামিল আব্রান্তে নামে এক শিক্ষিকা পঞ্চম



ভের্জিনি কর্তেভাল — কৃষণ রায়

থেকে দশম শ্রেণির ছাত্রছাত্রীদের ফরাসি ভাষা ও সংস্কৃতির পাঠ দেবেন। তাঁকে সাহায্য করবে স্কুলের ফরাসি বিভাগ। এর পাশাপাশি তৃতীয় ও চতুর্থ শ্রেণিতে ফরাসিকে আকর্ষণীয় করে তুলতে নানা রকম গেমস ও অ্যাক্টিভিটির ব্যবস্থা রাখা হয়েছে। এই

## পরামর্শ কনসালের

স্কুলের বহু পড়ুয়া ফরাসিকেই দ্বিতীয় ভাষা হিসাবে বেছে নিয়েছে।

এই প্রকল্পের অন্যতম সহযোগী, আলিয়ঁস ফ্রাঁসেজ দ্য বেঙ্গলের অধিকর্তা ফারিস প্লাঁস আশা প্রকাশ করে বলেন, এই পাঠ্যক্রম শেষ করে যারা ফরাসি শিক্ষা মন্ত্রক অনুমোদিত ভাষা পরীক্ষার বি-ওয়ান বা বি-টু যোগ্যতামান স্পর্শ করবে, তারা পরে উচ্চশিক্ষার জন্য

ফ্রান্স গেলে কিছুটা সুবিধাজনক অবস্থায় থাকবে।

শীঘ্রই দুই ফরাসি শহর পোয়াতিয়ে ও আলের দুটি স্কুলের সঙ্গে দ্য নিউটাউন স্কুলের এমওইউ চুক্তি স্বাক্ষরিত হবে। এর মাধ্যমে প্রতি বছর দু'সপ্তাহের জন্য দু'দেশের ছাত্রছাত্রীদের মধ্যে সাংস্কৃতিক আদানপ্রদান হবে। এর জন্য অষ্টম ও নবম শ্রেণি থেকে ১৫-২০ জন ছাত্রছাত্রী বেছে নেওয়া হবে। এই প্রসঙ্গে স্কুলের সিইও ভিনীত কানসাল বলেন, 'আমাদের আশা, এই ধরনের উদ্যোগের মাধ্যমে দু'দেশের বন্ধন আরও দৃঢ় হবে।'

কলকাতার ফরাসি কনসুলেটের তরফে লেইটিশিয়া লমপেশ জানান, ভারতের যে সব স্কুলে ফরাসি পড়ানো হয়, অ্যাক্টিভিউ ফ্রাঁসেজের মাধ্যমে তাদের মধ্যে পারস্পরিক যোগাযোগ বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে।